



কলা ও মানবিক স্কুল

খুলনা বিশ্ববিদ্যালয়



একুশ শতকে মানবিকবিদ্যাচর্চার প্রাসঙ্গিকতা

শীর্ষক দুইদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

ফেব্রুয়ারি ২২-২৩, ২০২৩ খ্রি.

প্রবন্ধ আহ্বান



একুশ শতকআমাদেরকে বেশকিছু নতুন চিন্তার সঙ্গে পরিচয় করিয়ে দিয়েছে, যার দ্বারামানবজীবন ব্যাপকভাবে প্রভাবিত। অভূতপূর্ব কোভিড-১৯ মহামারি ছাড়াও বিজ্ঞান ও প্রযুক্তির ত্রমবর্ধমান গুরুত্ব, শিক্ষা ও শিখনের ক্ষেত্রে ডিজিটলাইজেশনের অগ্রাধিকার, প্রযুক্তিনির্ভরভার্চুয়াল জগতেরব্যাপক জনপ্রিয়তা প্রভৃতি কালচিহ্নের মুখোমুখি আমরা দাঁড়িয়ে। সময়ের এই অনিবার্য আত্মসনমানবিক সৃজনশীলতাকেযান্ত্রিক এবং চিত্তাকর্ষক ছদ্মবেশী বিকল্প দ্বারা প্রতিস্থাপনের মাধ্যমে নতুন রূপলাভ করেছে। যেহেতু একক সর্বোচ্চ (Overarching) নীতি হিসেবে এটি সময়ের কষ্টিপাথরে পরীক্ষিত, সে কারণে এই শতকের মানুষের এটির সাথে খাপ খাইয়ে চলা উচিত। চতুর্থ শিল্পবিপ্লবের ফলে মানবিকবিদ্যা ক্রমাগত সঙ্কটাপন্ন হচ্ছে। এই সঙ্কট থেকে উত্তরণের পথ-আবিষ্কারকেও দায়িত্ব হিসেবে গ্রহণ করেছেন মানবিকবিদ্যার চিন্তকগণ। এখন প্রশ্ন উঠতে পারে, যখন বিজ্ঞান-প্রকৌশল ও প্রযুক্তি শিক্ষার অন্যান্য সকল শাখার উপর প্রাধান্য বিস্তার করে চলেছে, তখন মানবিকবিদ্যার ভূমিকা কী হওয়া উচিত। সাহিত্য, শিল্প ও ইতিহাস ছাড়া কি মানবসভ্যতার অস্তিত্ব থাকবে? চতুর্থ শিল্পবিপ্লব কি জ্ঞানের এই ক্ষেত্রগুলির অবদানের সাথে সামঞ্জস্য না করে কার্যকরী হবে? এভাবে যখন প্রতিষ্ঠিত ধারণাগুলোভেঙে যায়, তখন কীভাবে আমরা নিজেদের বোধ ও বোধিকেমূল্যায়ন করতে পারি?

একুশ শতকে মানবিকবিদ্যা চর্চার প্রাসঙ্গিকতা শিরোনামে খুলনা বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিকস্কুলের প্রথম আন্তর্জাতিক সম্মেলন এ ধরনের প্রশ্নগুলোর উত্তর খুঁজতে চায়। দুদিনের এই সম্মেলনে শিল্প, সাহিত্য এবং ইতিহাস অধ্যয়নের মাধ্যমে চতুর্থ শিল্পবিপ্লব-এর চ্যালেঞ্জ ও চাহিদাগুলি অনুসন্ধান করার পাশাপাশি এর সম্ভাবনাগুলোও অন্বেষণ করা হবে। নিম্নলিখিত উপশিরোনামাক্ষিত বিষয়ের(যদিও কেবল এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়) উপর প্রবন্ধ/প্যানেল প্রস্তাব আহ্বান করা হচ্ছে।

- ভাষা ও সাহিত্য: প্রয়োগ এবং উপযোগিতা
- বাংলা ভাষা ও সাহিত্য: বর্তমান পরিপ্রেক্ষিত
- বর্তমান আর্থ-সামাজিক ও রাজনৈতিক-সাংস্কৃতিক পরিবেশে বাংলাদেশের অবস্থান
- সভ্যতার বিশ্বমিথস্ক্রিয়া (Global Interfaces)

- চতুর্থ শিল্পবিপ্লব এবং সাহিত্যের প্রাসঙ্গিকতা
- একুশ শতকের প্রেক্ষাপটে বাংলাদেশের স্বাধীনতা
- ইংরেজি ভাষা, সাহিত্য এবং বৈশ্বিক দৃশ্যকল্প
- মূল্যবোধ, নৈতিকতা এবং সুশাসন
- মাইগ্রেশন, ডায়াস্পোরা এবং ট্রান্সকালচার
- একুশ শতকে একটি ডিসিপ্লিন হিসেবে ইতিহাস
- ডিজিটাল হিউম্যানিটিজ এ্যান্ড নিউমিডিয়া
- মহামারি, পরিবেশগত ন্যায়বিচার এবং সাহিত্য
- একুশ শতকে এথনিসিটি এ্যান্ড মাইনরিটি
- ইএলটি এর তত্ত্ব এবং অনুশীলন: পরিবর্তন এবং চ্যালেঞ্জ
- সামাজিক এবং আর্থ-সামাজিক-সাংস্কৃতিক কাঠামোর পরিবর্তন

আগ্রহী গবেষকগণকে ৩০ অক্টোবর ২০২২-এর মধ্যে অনধিক ২০০ শব্দের মধ্যে একটি সারসংক্ষেপ (প্রবন্ধ/প্যানেল প্রস্তাবনা) পাঠানোর জন্য অনুরোধ করা হলো। ইংরেজি ভাষার প্রবন্ধের ক্ষেত্রে সারসংক্ষেপ (Abstract) ইংরেজিতে এবং বাংলা ভাষার প্রবন্ধের ক্ষেত্রে সার-সংক্ষেপ বাংলা ও ইংরেজি উভয়ভাষায় পাঠাতে হবে। এবং নির্বাচিত গবেষণা-প্রবন্ধ খুলনা বিশ্ববিদ্যালয়ের *জার্নাল অফ আর্টস এ্যান্ড হিউম্যানিটিজ*-এর একটি বিশেষ সংখ্যায় প্রকাশিত হবে। সম্পূর্ণ প্রবন্ধের শব্দসংখ্যা হবে ৭০০০ (সাত হাজার) এর মধ্যে। তথ্যসূত্রের ক্ষেত্রে শিকাগো-পদ্ধতি (Note-Bibliography) ব্যবহৃত হবে। গবেষণা-প্রবন্ধ অবশ্যই ১৫ ডিসেম্বর, ২০২২ এর মধ্যে জমা দিতে হবে।

*আগ্রহী গবেষকগণকে অনধিক ২০০ শব্দের মধ্যে একটি সারসংক্ষেপ (প্রবন্ধ/প্যানেল প্রস্তাবনা) পাঠানোর সময়সীমা আগামী ১৫ নভেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

লেখা পাঠানোর ঠিকানা: ahsint.conference2023@gmail.com

নিবন্ধন ফি

প্রবন্ধ/প্যানেল উপস্থাপক: ৩০০০/-

অংশগ্রহণকারী

ফ্যাকাল্টি (পূর্ণকালীন/খণ্ডকালীন): ২০০০/-

শিক্ষার্থী: ১০০০/-

অধিকতর অনুসন্ধানের জন্য, নিম্নলিখিত ঠিকানায় অনুগ্রহ করে যোগাযোগ করুন

(অধ্যাপক ড. মোঃ রুবেল আনছার)

ডিন

কলা ও মানবিক স্কুল

খুলনা বিশ্ববিদ্যালয় এবং

আহ্বায়ক

সম্মেলন কমিটি

dean@ahs.ku.ac.bd/ rubelbangla@ku.ac.bd